

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কাছে  
প্রবাসী বাংলাদেশীদের মানবাধিকার সংগঠন  
দৃষ্টিপাত এর আবেদন -

মানবাধিকার রক্ষার্থে সচেষ্ট বাংলাদেশী হিসেবে , দৃষ্টিপাতের সদস্যরা আজ দেশের ও বিদেশের অন্যান্য অনেক সংগঠনের সাথে একাত্মতা প্রকাশ করে , সংবাদপত্রের অধিকার হরনের সরকারের সর্বশেষ পদক্ষেপে উদ্বেগ প্রকাশ করছে। সম্প্রতি এর পুনরাবৃত্তি ঘটেছে দুজন বিদেশীসহ চারজন সাংবাদিকের গ্রেফতারের মধ্যদিয়ে।

দৃষ্টিপাত ([www.drishtipat.org](http://www.drishtipat.org)) প্রবাসী বাংলাদেশীদের একটি ইন্টারনেট ভিত্তিক মানবাধিকার ভিত্তিক সামাজিক সংগঠন । দৃষ্টিপাত মানবাধিকার লঙ্ঘনের প্রতিবাদ জানানো এবং অতিসত্বর এর একটা স্থায়ী বিহিত হওয়া অত্যন্ত জরুরী বলে মনে করে।

আমরা উদ্বেগের সাথে লক্ষ করছি যে সরকারের কর্মকান্ডের মাধ্যমে এই চারজন সাংবাদিকের মৌলিক অধিকার লঙ্ঘন হয়েছে। এরা আইনজীবী ও দূতাবাস কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে পারছেন না বিধায় বাংলাদেশের পুলিশ হেফাজতে এদের ব্যক্তিগত নিরাপত্তা আজ প্রশ্নের সম্মুখীন।

দৃষ্টিপাত মনে করে, এই দুঃখজনক ঘটনা সংবাদপত্রের স্বাধীনতা চিরতরে খর্ব করার জন্য সরকারের অপচেষ্টা। আমরা মনে করি আমাদের এই প্রতিবাদ ও প্রতিরোধের চেষ্টা বাংলাদেশের মুক্তসাংবাদিকতার ধারা তথা গনতন্ত্রের ভিত্তিকেই শক্তিশালী করবে ।

সরকার উল্লেখিত চারজন সাংবাদিকের বিরুদ্ধে “বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুন্ন“ করার অভিযোগ এনেছে । আমরা মনে করি সরকারের এধরনের স্বেচ্ছাচারী কর্মকান্ডই মারাত্মকভাবে ক্ষুন্ন করতে পারে বাংলাদেশের ভাবমূর্তি। বর্তমান সময়ে যখন আন্তর্জাতিক মিডিয়াগুলো বাংলাদেশের বিরুদ্ধে ধর্মান্ধ সন্ত্রাসীদের আশ্রয় এবং মদত দেবার গুরুতর অভিযোগ আনছে, তখন সরকারের উচিত হবে বাংলাদেশের দরজা বিদেশের সাংবাদিকদের জন্য সম্পূর্ণ উন্মুক্ত করে দেয়া। গৎবাধা প্রতিবাদলিপির চেয়ে মুক্ত সংবাদপ্রবাহ-ই বাংলাদেশের ধর্মান্ধ সন্ত্রাসীদের আশ্রয় দেবার প্রোপাগান্ডাকে মিথ্যা প্রমান করবে। অন্যথায় সরকারের কার্যকলাপ পশ্চিমা মিডিয়ার তথাকথিত সন্দেহকে আরো দৃঢ় করবে যে বাংলাদেশ আসলেই সন্ত্রাসবাদের আশ্রয়স্থলে পরিনত হয়েছে।

একই সাথে দৃষ্টিপাত মনে করে যে, পশ্চিমা সাংবাদিকদের ভিন্ন পরিচয়ে বাংলাদেশে প্রবেশ অত্যন্ত দুঃখজনক কাজ । বাংলাদেশ একটি গনতান্ত্রিক রাষ্ট্র । বাংলাদেশকে তালেবান-প্রভাবিত রাষ্ট্র বলে চিহ্নিত করার জন্য বর্তমান পশ্চিমা মিডিয়ার যে হুজুগ চলছে, তাতে এই

গোপন পরিচয়ে দেশে প্রবেশ কেবল জনমনে সন্দেহেরই জন্ম দিচ্ছে। সম্পূর্ণ মুক্তসাংবাদিকতায় বিশ্বাসী দৃষ্টিপাত এই অনৈতিক সাংবাদিকতার দৃষ্টান্ত সমর্থন করে না। সরকার ও জনসাধারণের এই সন্দেহ অন্যান্য সাংবাদিকদের জন্য মুক্তভাবে কাজ করার জন্য বাধা হয়ে থাকবে। দৃষ্টিপাত আশা করে ভবিষ্যতে পশ্চিমা মিডিয়া তাদের কাজে স্বচ্ছতার পরিচয় দেবে।

গ্রেফতারকৃত বিদেশী সাংবাদিক, ঔঁদের বাংলাদেশী সহযোগী যারা গ্রেফতার হয়েছেন ও যারা এখনো গ্রেফতার হননি, তাঁরা এবং তাঁদের বন্ধু-বান্ধব, পরিবারবর্গ আজ প্রচণ্ডভাবে ভীতসন্তপ্ত। এছাড়া বাংলাদেশের বাকস্বাধীনতার পক্ষের শক্তি ও মানবাধিকার কর্মীবৃন্দ, সকলে আজ ব্যক্তিগত নিরাপত্তাহীনতায় ভুগছেন।

এই প্রেক্ষিতে দৃষ্টিপাত এর পক্ষ থেকে আমরা বাংলাদেশের নাগরিক এবং শুভাকাঙ্খীদের আহ্বান জানাচ্ছি, আপনারা বাংলাদেশ সরকারের কাছে নিম্নোক্ত বিষয়গুলো উত্থাপন করুন এবং এর সত্বর সমাধান দাবী করুন -

- ১) সাংবাদিক যায়বা মালিক, প্রিসিলা রাজ, সেলীম সামাদ এবং বুনো সেরেন্টিনোর ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিত করুন।
- ২) গ্রেফতারকৃতদের উপর সবধরনের অত্যাচার এবং দুঃব্যবহার অনতিবিলম্বে বন্ধ করুন।
- ৩) গ্রেফতারকৃতদের আইনজীবী, পরিবারবর্গ এবং চিকিৎসকের সাথে দেখা করার সুযোগ দিন।
- ৪) গ্রেফতারকৃত সাংবাদিক মালিক, রাজ, সামাদ এবং সেরেন্টিনো সকলের বিরুদ্ধে সকল মামলা অবিলম্বে প্রত্যাহার করুন এবং এদের অবিলম্বে মুক্তি দিন।
- ৫) বাকস্বাধীনতা ও মুক্তসাংবাদিকতার দ্বার রুদ্ধ করে বিদেশে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণের সরকারের ভুল পদক্ষেপের বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপন করুন।

নিবেদনে : দৃষ্টিপাত ([www.drishtipat.org](http://www.drishtipat.org))

১২-০৩-২০০২

ফ্যাক্স : ৪১৩-৮ ১২-০৯৩৯